

শ্রীশ্রী গুরুদেবের অঙ্গার করুণায় ঊনবিংশ শতাব্দীর জন্মপাদ হইতে
বিংশ শতাব্দীর প্রথম পাদ পর্যন্ত বাঙালীর জীবনে ও বালো সাহিত্যে শ্রীমদ্ভগবদ্গীতা
প্রভাব সম্বন্ধে পবেষণা নিবন্ধটি শেষ করা গেল। তাহারই নির্দেশ এবং প্রেরণায় আমি
যত্রবৎ দীর্ঘকাল ধরিয়া যথাসক্তি অধ্যয়ন ও রচনা কার্যটি করিয়াছি। শ্রীমদ্ভগবদ্গীতা
বাঙালী তথা ভারতীয় জীবনে এমন কি বিশ্ব মানবের জীবন চর্চায় সুদীর্ঘ কাল হইতে
অমিত প্রভাব বিস্তার করিয়াছে এবং ভবিষ্যতেও বিস্তৃতভাবে মানবসমাজকে উদ্ভুত
করিবে। একটি খণ্ড জৈনিক সীমায় এবং খণ্ডিত কালে গীতার প্রভাব দেখাইবার
জন্য কেন চেষ্টা করা হইল তাহা প্রশ্ন মধ্যে উল্লেখ করিয়াছি। এখানেও বলিয়া রাখি
যে ইহার অর্থ গীতার প্রভাবে কোন খণ্ডিত আলোচনা নহে, সামগ্রিকভাবে গীতা একটি
বিশেষ সময়ে ইউরোপীয় সভ্যতার সংঘাতে এবং নব জাতীয়তার উদ্যুতনে^{কালে} যে বিশেষ
ভূমিকা গ্রহণ করিয়াছিল তাহাই ব্যাখ্যা করিতে চাইয়াছি। ইহা থাকিলেও আলোচ্য
পঞ্চাশ বছর কালের মধ্যে এবং বঙ্গদেশ ও বাঙালী জাতির সঞ্জীর্ণ সীমানায় তাহাকে
বিস্তৃত রাখিতে পারি নাই। ফলে ফলে তাহা স্থান ও কালের সীমা লঙ্ঘন করিয়াছে।
তথাপি ইহা বলিতে বাধা নাই যে আমি আলোচ্য স্থান-কালকে সর্বদাই প্রাধান্য
দিয়াছি।

পরিশিষ্টে বাঙালী গীতার একটি নির্বাচিত তালিকা দিয়াছি, যনে রাখিতে
হইবে ইহা পূর্ণাঙ্গ নহে, নির্বাচিত। যদি কোন বিখ্যাত গীতার নাম বাদ পড়িয়া
থাকে তাহা অনিচ্ছাকৃত অজ্ঞতার ফল, কাজে ই ফরা প্রার্থনা করিতেছি।

আমি আর একবার শ্রীশ্রী গুরুদেবের চরণে প্রণিপাত করি।